

তথ্যবিবরণী

নম্বর- ১৫৪

## ময়মনসিংহ পিআইডি এর উদ্যোগে বঙ্গবন্ধুর কর্মময় জীবনের উপর আলোকচিত্র প্রদর্শনী

ময়মনসিংহ (রবিবার, ১৭ মার্চ ২০২৪ খ্রি.):

১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন উপলক্ষ্যে আঞ্চলিক তথ্য অফিস, পিআইডি, ময়মনসিংহের আয়োজনে বঙ্গবন্ধুর কর্মময় জীবনের ওপর স্থিরচিত্র প্রদর্শনীর ব্যবস্থা করা হয়েছে।

আঞ্চলিক তথ্য অফিসের উপপ্রধান তথ্য অফিসার মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান দিবসটি উদযাপন উপলক্ষ্যে আজ রবিবার (১৭ মার্চ) নগরীর জেলা শিল্পকলা একাডেমি প্রাঙ্গণে দিনব্যাপী 'বঙ্গবন্ধুর জীবন ও কর্মভিত্তিক' প্রদর্শনী আয়োজন করেন।

প্রদর্শনীতে ময়মনসিংহ বিভাগে বঙ্গবন্ধুর সফরের উপর তৎকালে প্রকাশিত বিভিন্ন দৈনিক পত্রিকার সংবাদ, ছবি ইত্যাদির বিরল সংগ্রহ স্থান পায়। এছাড়া বঙ্গবন্ধুর কর্মময় জীবনের উপর গুরুত্বপূর্ণ ছবি প্রদর্শন করা হয়। পুলিশ সুপার মাহুম আহাম্মদ ভূঞা, অতিরিক্ত জেলা প্রশাসক মাহফুজুল আলম মাসুম, জেলা শিক্ষা অফিসার মোহিনা খাতুনসহ বিভাগীয় ও জেলা প্রশাসনের কর্মকর্তারা প্রদর্শনী পরিদর্শন করেন।

নতুন প্রজন্মসহ সকল মানুষ এই প্রদর্শনীর মাধ্যমে এ অঞ্চলে বঙ্গবন্ধুর সফর নিয়ে নতুন করে তথ্য জানতে পারবে। তৎকালের সংবাদপত্র পেয়ে মানুষ প্রকৃত ইতিহাস জানতে পারবে বলে মন্তব্য করেন পরিদর্শকরা। অনেকেই বঙ্গবন্ধুর জীবনের দুর্লভ চিত্রগুলো দ্বারা দেয়াল প্রদর্শনীর খুবই প্রশংসা করেন। প্রদর্শনীর ছবিগুলো সত্যিই বিরল সংগ্রহ বলে মন্তব্য করেন।

১৭ই মার্চ-কে কেন্দ্র করে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ওপর নির্মিত দুস্প্রাপ্য প্রায় ৬০টি জীবনীআলোকচিত্র আলোচনা অনুষ্ঠান সংলগ্ন প্রাঙ্গণে প্রদর্শন করা হয়। জেলা তথ্য অফিসের সিনিয়র তথ্য অফিসার শেখ মোঃ শহীদুল ইসলাম অতিথি ও দর্শনার্থীদের মাঝে বিভিন্ন ছবির গুরুত্ব তুলে ধরেন। প্রদর্শনী দেখতে বিভিন্ন স্কুল কলেজের শিক্ষার্থীরা ভিড় জমায়। প্রদর্শনী সকলের জন্য উন্মুক্ত রাখা হয়।

#

মনির/দেওয়ান/রিদওয়ান/হদা/রেজভী/২০২৪/১৪:০০ ঘন্টা